শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন
নগর ভবন, ঢাকা।
www.dscc.gov.bd

স্মারক সংখ্যা ঃ ৪৬.২০৭.০০০.০৩.০৩.১৯৭১.২০০৩-৫৪৯ তারিখ ঃ 06 কার্তিক ১৪২৭ বঙ্গাব্দ / 22 অক্টোবর ২০২০ খ্রিস্টাব্দ

অফিস আদেশ

যেহেতু, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, স্বাস্থ্য বিভাগ, নাজিরা বাজার মাতৃসদন কেন্দ্রের ওয়ার্ডবয়, জনাব মো. সেলিম চাঁন (সাময়িকভাবে বরখাস্তকৃত) বছর বছর সংরক্ষণ সাপেক্ষে নিয়োগকৃত এর বিরুদ্ধে এ মর্মে অভিযোগ উত্থাপিত হয়েছে যে, গুলিস্তান ১ নং কাপ্তান বাজার মার্কেটের নীচতলায় মাননীয় মেয়রের কোটা হতে ৩ (তিন) টি দোকান অবৈধভাবে বরাদ্দ পাওয়ার আশায় জনাব জাহান আলী (মো. মুকুল), পিতা-মৃত মোহাম্মদ আলী, ঠিকানা- ৮/১, হোসনী দালান রোড, নবাব বাগিচা, ঢাকা কর্তৃক তাকে ১৮,০০,০০০ (আঠার লক্ষ) টাকা প্রদান করা হয়। তিনি টাকা ফেরত প্রদান বা দোকান না দেয়ায় বিষয়টি সংশ্লিষ্ট ব্যক্তি তার খালু স্বাস্থ্য বিভাগ, অঞ্চল-১ এর জনাব কুটি মিয়াকে জানালে তিনি ৯,০০,০০০ (নয় লক্ষ) টাকার একটি চেক (নং ১২৫৭৪৭০, জনতা ব্যাংক লিঃ, নগর ভবন, ঢাকা) প্রদান করেন। কিন্তু জনাব জাহান আলী (মো. মুকুল) ব্যাংকে খোঁজ নিয়ে দেখেন যে, তার একাউন্টে কোন টাকা নেই। পরবর্তীতে তিনি অনেকবার তাকে তাগাদা দেওয়া স্বত্ত্বেও টাকা দিচ্ছেন না এমন কি সন্ত্রাসী লোক দ্বারা কুটি মিয়াকে মেরে ফেলার হুমকি দেন।

যেহেতু, উত্থাপিত অভিযোগের পরিপ্রেক্ষিতে 'ঢাকা পৌর কর্পোরেশনের কর্মচারি চাকুরি বিধিমালা, ১৯৮৯' এর বিধি ৩৯ (ক), (খ) ও (চ) মোতাবেক যথাক্রমে দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ ও প্রতারণার দায়ে অভিযুক্ত করে তার বিরুদ্ধে স্মারক সংখ্যা-৪৬.২০৭.০০০.০৩.০৩.১৯৭১.০৩/১০৯, তারিখ: ০৯.০২.২০১৭ মূলে বিভাগীয় মামলা রুজু করতঃ অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করা হয়। একই বিধিমালা অনুসারে তাকে স্মারক সংখ্যা- ৪৬.২০৭.০০০.০৩.০৩.১৯৭১.০৩/৩২৭, তারিখ: ০৭.০৫.২০১৭ মূলে চাকুরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হয়। বিভাগীয় মামলায় আনীত অভিযোগ কর্পোরেশন নিযুক্তীয় তদন্তকারী কর্মকর্তার তদন্তে সত্য বলে প্রমাণিত হয়েছে।

যেহেতু, একই অভিযোগে অর্থাৎ ৯,০০,০০০/-(নয় লক্ষ) টাকার চেক Dishonour হওয়ায় অভিযুক্ত জনাব মো. সেলিম চাঁন এর বিরুদ্ধে Negotiable Instruments Act, 1881 এর ১৩৮ ধারার বিধান মোতাবেক গত ২৭.০১.২০১৭ তারিখে বিজ্ঞ সি. এম. এম আদালত, ঢাকায় সি, আর মামলা নং- ০৬/২০১৭ দায়ের করা হয়। পরবর্তীতে যার নাম্বার হয়- মেট্রো দায়রা মামলা নং- ৫১৬১/২০১৭। অতঃপর বিজ্ঞ আদালতে বিচারিক প্রক্রিয়া সম্পন্ন হওয়ার পর গত ২৭.০১.২০১৯ তারিখে বিজ্ঞ অতিরিক্ত মহানগর দায়রা জজ, ২য় আদালত, ঢাকা কর্তৃক আসামী জনাব মো. সেলিম চাঁন কে দোষী সাব্যস্ত করে ২ (দুই) মাসের কারাদন্ড এবং ৯,০০,০০০/-(নয় লক্ষ) টাকা অর্থ দন্ড প্রদানপূর্বক উক্ত দন্ডের অর্থ বাদীকে প্রদানের নির্দেশনা দেন এবং তার বিরুদ্ধে গ্রেফতারী পরোয়ানাসহ সাজা পরোয়ানার আদেশ প্রদান করা হয়।

যেহেতু, The Public Servants (Dismissal on Conviction) Ordinance, 1985 এর ৩ (১) ধারার বর্ণনামতে "কোন গণকর্মচারী ফৌজদারি অপরাধে বিজ্ঞ আদালত কর্তৃক সাজাপ্রাপ্ত হলে, রায় বা সাজার আদেশ ঘোষণার তারিখ হতে তাৎক্ষণিকভাবে চাকুরি হতে বরখাস্ত হিসেবে গণ্য হবেন।"

যেহেতু, বিভাগীয় মামলায় আনীত অভিযোগ সত্য বলে প্রমাণিত হওয়ায় এবং একই অভিযোগে বিজ্ঞ আদালতে দায়েরকৃত ফৌজদারি মামলায় দন্ড প্রাপ্ত হওয়ায় 'ঢাকা পৌর কর্পোরেশনের কর্মচারি চাকুরি বিধিমালা, ১৯৮৯' এর বিধি ৪০ (১) (খ) এর ঈ মোতাবেক তাকে কেন অত্র কর্পোরেশনের চাকুরি হতে বরখাস্ত করার সিদ্ধান্ত গ্রহণ করা হবে না- এ মর্মে কারণ দর্শানোর জন্য ২য় নোটিশ ৩ (তিন) টি জাতীয় দৈনিক পত্রিকায় (১) 'The Independant' ও (২) 'দৈনিক কালের কণ্ঠ' পত্রিকায় গত ২৯.১০.২০১৯ তারিখে এবং (৩) 'দৈনিক প্রথম আলো' পত্রিকায় গত ৩০.১০.২০১৯ তারিখে প্রকাশিত হয়। কারণ দর্শানোর ২য় নোটিশের প্রেক্ষিতে তিনি যে জবাব দাখিল করেছেন তা সন্তোষজনক নয় এবং বিবেচনা করার বিধিগত সুযোগ নেই।

সেহেতু, জনাব মো. সেলিম চাঁন (সাময়িকভাবে বরখাস্তকৃত), ওয়ার্ডবয়, নাজিরা বাজার মাতৃসদন কেন্দ্র, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন কে 'ঢাকা পৌর কর্পোরেশনের কর্মচারি চাকুরী বিধিমালা, ১৯৮৯' এর বিধি ৪০ (১) (খ) এর ঈ মোতাবেক ২৭.০১.২০১৯ খ্রিস্টাব্দ তারিখ হতে এ কর্পোরেশনের চাকুরি থেকে বরখাস্ত করা হলো।

(আকরামুজ্জামান)
সচিব
ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন

দাপ্তরিক ঠিকানা ঃ মো. সেলিম চাঁন (সাময়িকভাবে বরখাস্তকৃত)
ওয়ার্ড বয়, নাজিরা বাজার মাতৃসদন কেন্দ্র
ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন।

স্থায়ী/বর্তমান ঠিকানা ঃ জনাব মোঃ সেলিম চাঁন (সাময়িকভাবে বরখাস্তকৃত)
৪২, সিক্কাটুলী লেন, থানা- কোতয়ালী, জেলা-ঢাকা।

প্রাপ্তি আইসিটি সেল
তারিখঃ- 22/10/2020

চলমান পাতা-২

স্মারক সংখ্যা ঃ ৪৬.২০৭.০০০.০৩.০৩.১৯৭১.২০০৩- ৫৪৭ তারিখ ঃ ০৬ কার্তিক ১৪২৭ বঙ্গাব্দ / 22 অক্টোবর ২০২০ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) ঃ

১। প্রধান স্বাস্থ্য কর্মকর্তা, ঢাদসিক।
২। মেয়রের একান্ত সচিব (মাননীয় মেয়রের সদয় অবগতির জন্য), ঢাদসিক।
৩। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, ঢাদসিক।
৪। জনসংযোগ কর্মকর্তা, ঢাদসিক (বহুল প্রচারিত ২টি বাংলা ও ১টি ইংরেজি জাতীয় দৈনিক পত্রিকায় প্রকাশের অনুরোধসহ)।
৫। উপ-পরিচালক কাম পরামর্শক (গাইনী), নাজিরা বাজার মাতৃসদন কেন্দ্র, ঢাদসিক।
৬। সিস্টেম এনালিস্ট, ঢাদসিক (ঢাদসিক ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৭। প্রধান নির্বাহী কর্মকর্তার স্টাফ অফিসার (প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের সদয় অবগতির জন্য), ঢাদসিক।
৮। সহকারী সচিব, সাধারণ প্রশাসন শাখা, ঢাদসিক [ডাকযোগে Registry with A/D) প্রেরণপূর্বক সার্ভিস রিটার্ন সহকারী সচিব, সংস্থাপন শাখা-২ বরাবর প্রেরণের অনুরোধসহ]।
৯। অফিস আদেশ বহি।
১০। অফিস কপি (ব্যক্তিগত নথি নাম্বার- ১৯৭১/সং-৩, তারিখ ঃ ১৯.০৫.২০০৩)।

21.10.2020
(মুহাম্মদ সামছুল আলম)
সহকারী সচিব
সংস্থাপন শাখা-২